দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 SEP 2015 ..
পৃষ্ঠা ...৮... কলাম ....২......

# শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ

পত্রিকার মাধ্যমে জানতে পেরেছি, দেশের বিভিন্ন উপজেলার মডেল প্রকল্পভুক্ত ৩১৮টি বিদ্যালয় জাতীয়করণ হবে। সে কার্যক্রমের অংশ হিসেবে ইতোমধ্যেই স্কুলগুলো কর্মরত শিক্ষক-কর্মচারীদের তালিকা যথাযথ কর্তৃপক্ষের কাছে পাঠিয়েছে। আমি ১৯৯৬ সালের আগস্ট মাসে চতুর্থ শ্রেণির আয়া পদে যোগদান করে আজ পর্যন্ত সরকারি বেতনভাতার অন্তর্ভুক্ত হতে পারিনি। এবার বিদ্যালয় জাতীয়করণ হলে আমি বা আমার মতো যারা সরকারি বেতনভাতার সুবিধা পায় না তারা জাতীয়করণের আওতাভুক্ত হবে না। অথচ এইসব বিদ্যালয় জাতীয়করণ আমাদের দীর্ঘদিনের স্বপ্ন। যা অতি দ্রুত বাস্তবায়ন করা হবে বলে জানতে পেরেছি। কিন্তু দীর্ঘ ১৯ বছর চাকরি করার পর হঠাৎ চাকরি থেকে বাদ পড়ার শঙ্কা দেখা দিয়েছে। আমার সংসার আমার আয়ের ওপর অনেকটাই নির্ভরশীল। আমার মতো আরো অনেকের বিষয়টি মানবিক দিক থেকে বিবেচনা করে আমাদের যদি জাতীয়করণের আওতাভুক্ত করা হয় তাহলে আমরা পরিবার নিয়ে বেঁচে থাকার নিশ্চয়তা পেতে পারি। এ ব্যাপারে ব্যবস্থা নিতে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

কল্পনা রানী আচার্য্য,
বেড়া, পাবনা